

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং বিচার-৪/৫-সি-২/২০১০-৭৩৪—আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সাবেক চেয়ারম্যান মাননীয় বিচারপতি জনাব আনোয়ারুল হক মৃত্যুবরণ করায় এবং উক্ত ট্রাইব্যুনালের সদস্য মাননীয় বিচারপতি জনাব মোঃ সোহরাওয়ারদী হাইকোর্ট বিভাগে প্রত্যাবর্তন করার অভিপ্রায় ব্যক্ত করায় The International Crimes (Tribunals) Act, 1973 (Act No.XIX of 1973) এর Section 6(4) এর বিধান মোতাবেক সরকার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এর চেয়ারম্যান ও সদস্যের পদ শূন্য ঘোষণা করিয়া উক্ত ট্রাইব্যুনালের বর্তমান সদস্য মাননীয় বিচারপতি জনাব মোঃ শাহিনুর ইসলাম-কে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এর চেয়ারম্যান এবং হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব আমির হোসেন ও জনাব মোঃ আবু আহমেদ জমাদার, জেলা দায়রা জজ (PRL ভোগরত) এর PRL বাতিলক্রমে সদস্য পদে নিয়োগ প্রদান করিল।

২। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সদস্য মাননীয় বিচারপতি জনাব মোঃ সোহরাওয়ারদী আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল হইতে হাইকোর্ট বিভাগে প্রত্যাবর্তন করার অভিপ্রায় ব্যক্ত করায় তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে প্রত্যাবর্তন করিবেন।

৩। উক্ত ট্রাইব্যুনালের চেয়ারম্যান এবং সদস্যগণ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত বিচারপতির সমান বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রাপ্ত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১০৬৩)

মূল্য : টাকা ৪.০০